যুগান্তর

তারিখ ... 09 SEP 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

ফের হাইকোর্টের রুল

# বেসরকারি ভার্সিটিতে ভ্যাট আরোপ কেন অবৈধ নয়

যুগান্তর রিপোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ৭ দশমিক ৫ শতাংশ ভ্যাট আরোপ করা কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি জেএন দেব চৌধুরীর বেঞ্চ মঙ্গলবার এ রুল জারি করেন। এর আগে হাইকোর্ট একই বিষয়ে দুটি রুল জারি করেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী একেএম সালাউদ্দিন খান।